গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd

**বিষয়: ইনোভেশন শোকেসিং ২০২৪ বিষয়ক কর্মশালার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| প্রধান অতিথি | : ডাঃ রোকেয়া বেগম, মাননীয় প্রতিমন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় |
| বিশেষ অতিথি | : মো: জাহাঙ্গীর আলম, সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় |
| সভাপতি | : ড. মোঃ জিয়াউদ্দীন, অতিরিক্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় |
| স্থান | : শেখ ফজিলাতুন্নেছা মুজিব কনভেনশন হল, শাহবাগ । |
| তারিখ ও সময় | : ২১ মে ২০২৪ খ্রিঃ |
| আয়োজনে | : স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় । |

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা **পরিশিষ্ট 'ক'** তে সন্নিবেশিত।

কর্মশালার শুরুতে জনাব ড. মোঃ জিয়াউদ্দীন, অতিরিক্ত সচিব (প্রশাসন) এবং চিফ ইনোভেশন অফিসার, স্বাস্থ্য সেবা বিভাগ উপস্থিত সকলকে স্বাগত জানান। তিনি উদ্যোগসমূহের প্রশংসা করেন। তিনি সকল অধিদপ্তরের মহাপরিচালকগণকে সার্বিক সহযোগিতার জন্য ধন্যবাদ জানান এবং সম্মানিত প্রধান অতিথির উপস্থিতির জন্য বিশেষভাবে ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন।

এরপর অতিরিক্ত মহাপরিচালক স্বাস্থ্য অধিদপ্তর ডাঃ আহমেদুল কবির, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের মহাপরিচালক জনাব মাকসুরা নূর শোকেসিং কর্মশালার প্রেক্ষাপট ও পটভূমি তুলে ধরেন। এ সময় অংশগ্রহণকারীদের উদ্ভাবনী পাইলট উদ্যোগ বাস্তবায়নে শিখন, চ্যালেঞ্জ, সম্ভাবনা এবং লার্নিং জার্নি পর্যালোচনা করা হয়। পর্যালোচনা শেষে উদ্ভাবনী পাইলট উদ্যোগ বাস্তবায়নকারী কর্মকর্তাগণ তাদের উদ্যোগগুলি নির্মিত স্টলের দেয়ালে বিভিন্ন তথ্যচিত্রের মাধ্যমে তুলে ধরেন। এতে মূলত: সমস্যা, সমস্যা সমাধানে গৃহিত উদ্ভাবনী উদ্যোগ এবং ফলাফল তুলে ধরা হয়। স্বাস্থ্য সেবা বিভাগের যুগ্মসচিব জনাব অতুল সরকারের নেতৃত্বে ৩ সদস্য বিশিষ্ট রিসোর্স টিম প্রতিটি উদ্যোগ নিবিড় পর্যবেক্ষণ ও পর্যালোচনার মাধ্যমে উদ্যোগগুলির সম্ভাব্যতা যাচাইপূর্বক শ্রেষ্ঠ উদ্যোগ চিহ্নিত করেন।

প্রধান অতিথি ও বিশেষ অতিথিগণ শোকেসিংকৃত উদ্ভাবনী পাইলট উদ্যোগগুলি পরিদর্শন করেন ও উদ্ভাবকদের বক্তব্য শ্রবণ করেন। এসময় তারা প্রতিটি উদ্যোগের ভূয়সী প্রশংসা করেন এবং পরবর্তী করণীয় বিষয় নিয়ে সুনির্দিষ্ট আলোচনা করেন। অনুষ্ঠানটি পরিচালনা করেন স্বাস্থ্য সেবা বিভাগের যুগ্মসচিব জনাব আনজুমান আরা।

প্রধান অতিথি জনাব ডাঃ রোকেয়া বেগম, মাননীয় প্রতিমন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বলেন, বর্তমান সরকার ২০০৯ সালে ক্ষমতায় আসার পর থেকে ইনোভেশনের উপর জোর দিচ্ছে। স্মার্ট বাংলাদেশ গড়তে হলে ইনোভেশন চর্চার বিকল্প নেই। আমাদের কাজগুলি ঈর্ষনীয় পর্যায়ে নিয়ে যেতে হবে। তিনি উদ্ভাবন উদ্যোগ বাস্তবায়নে এলাকার লোকজনকে সম্পৃক্ত করতে বলেন। ২০৩০ সালে টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রা (এসডিজি) এবং ২০৪১ সালে স্মার্ট বাংলাদেশ গড়া লক্ষ্যকে মাথায় রেখে এগুতে হবে। তিনি আরো উল্লেখ করেন যে, স্বাস্থ্য খাতে উন্নতি করার অনেক জায়গা রয়েছে। এমডিজিতে আমরা মোটামুটি ভাল করলেও মাতৃ মৃত্যুর হার কাঙ্খিত মাত্রায় কমেনি।

তিনি বলেন আমি প্রকল্পগুলো নিবিড়ভাবে প্রত্যক্ষ করলাম। এবারের শোকেসিং ওয়ার্কশপে কিছু ইউনিক উদ্ভাবনী প্রকল্প রয়েছে। সেগুলো বেশ ভাল লেগেছে। এগুলো আমাদের সারাদেশে ছড়িয়ে দিতে হবে।

বিশেষ অতিথি, মো: জাহাঙ্গীর আলম, সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বলেন, ইনোভেশনের কাজ শেষ হবার নয়। যারা মাঠ পর্যায়ে ভাল কাজ করছে তাদেরকে খুঁজে বের করে, তাদের কাজগুলো ভিডিও করতে হবে এবং ইনোভেশনে সম্পৃক্ত কর্মকর্তাদের সার্বিক সুযোগ সুবিধা দিতে হবে। সেবার মান কিভাবে উন্নত করা যায় সেজন্য আপনারা নিবেদিতভাবে কাজ করে যাবেন। কাজ চলতে থাকবে, অনেকগুলি উদ্যোগে পরিপক্কতা আসেনি। আপনারদের কাজগুলি এগিয়ে নিন কোনভাবেই হতাশ হলে চলবে না।

সভাপতি বলেন, উদ্ভাবনের মাধ্যমে সকলের মানসিকতায় ব্যাপক পরিবর্তন এসেছে। তিনি বলেন যে উদ্যোগটি শ্রেষ্ঠ চিহ্নিত করা হয়েছে এবং যেগুলি সম্ভাবনাময় হিসেবে বিবেচিত সেগুলিকে মডেল হিসেবে এগিয়ে নেবার জন্য স্বাস্থ্য সেবা বিভাগ থেকে সার্বিক সহায়তা করা হবে।

২. পর্যালোচনা সভায় বিষয়ভিত্তিক আলোচনা ও সুপারিশসমূহ নিম্নরূপঃ

| ক্রমিক | আলোচনার বিষয় | সুপারিশ সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১ | উদ্ভাবনী উদ্যোগ শ্রেষ্ঠ উদ্যোগ | ২টি উদ্যোগ শ্রেষ্ঠ হিসেবে বাছাই করা উদ্যোগ হলো: | |
| | | ক. উদ্যোগের শিরোনাম: Automated Drug Licensing and Renewal System (ADLRS) | ঔষধ প্রশাসন অধিদপ্তর |
| | | খ উদ্যোগের শিরোনাম: eAppointment | স্বাস্থ্য অধিদপ্তর |

৩। সবশেষে সভাপতি মহোদয় সুন্দর এই আয়োজনের সাথে সম্পৃক্ত সকলকে ধন্যবাদ জানান। কর্মশালায় গৃহিত সিদ্ধান্ত এবং করণীয় বিষয়গুলি যথাসময়ে বাস্তবায়নের অনুরোধ জানিয়ে তিনি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
০৭-০৭ -২০২৪
ড. মোঃ জিয়াউদ্দীন
অতিরিক্ত সচিব (প্রশাসন)
ও
চিফ ইনোভেশন অফিসার
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

স্মরক নং: ৪৫.০০.০০০০.১৪৩.২৫.০০৪.২৩(অংশ-১)- ১৭৫ তারিখ: ১৪-০৭-২০২৪খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক সকল অনুবিভাগ/অধিশাখা/শাখা ও অধিদপ্তর/দপ্তর/সমূহের মে/২০২৪ মাসের কর্মশালার কার্যবিবরণী সিদ্ধান্তসমূহের (প্রযোজ্য ক্ষেত্রে) অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**মন্ত্রণালয়/বিভাগ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. অতিরিক্ত সচিব (সকল) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
২. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট/নার্সিং মিডওয়াইফারি অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা।
৩. প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
৪. যুগ্মসচিব (সকল) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৫. উপসচিব (সকল) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৬. সিনিয়র সহকারী সচিব (সকল) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৭. চিফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
৮. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৯. সহকারী সচিব (সকল) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১০.হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১১. লাইব্রেরিয়ান, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১২. ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থেঃ**

১. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটের শুদ্ধাচার সেবাবক্সে প্রকাশের অনুরোধসহ)।
৩. অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৪. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

(মুহাম্মদ ওয়াসিকুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-২২৩৩৯৫৭৯৮৯
ই-মেইল:monitor@hsd.gov.bd